...তে করে তাইওয়ানের ...-পূর্বের একটি সেনাঘাঁটিতে ...ছলেন। হেলিকপ্টারে শীর্ষ আরো ...য়েকজন সামরিক কর্মকর্তাও ...লেন বলে জানানো হয়েছে খবরে। ...র কাজের জন্য ঘটনাস্থলে গেছে ...রো দুটি ব্ল্যাক হক হেলিকপ্টার ...ং প্রায় ৮০ সেনা। একটি ...সন্ধান ও উদ্ধারকারী দলও যত ... সম্ভব ঘটনাস্থলে পৌছার চেষ্টা ...ছে। তবে জায়গাটি দুর্গম হওয়ায় ...র চেষ্টা ব্যাহত হচ্ছে।

দিনমজুরের কাছেও ক্ষতিপূরণ আদায় করছেন যোগী আদিত্যনাথ

...নবকণ্ঠ ডেস্ক

...র প্রদেশে নাগরিকত্ব সংশোধনী ...ইনবিরোধী বিক্ষোভের অগ্নিশিখা ...তে না নিভতেই পূর্ব ঘোষণা ...যায়ী সরকারি সম্পত্তি নষ্টের ...তিপূরণ আদায়ের প্রক্রিয়া শুরু করে ...য়েছে মুখ্যমন্ত্রী যোগী ...দিত্যনাথের প্রশাসন। ক্ষয়ক্ষতির ...ন্ত হিসাব তৈরি করে উঠতে না ...রলেও সম্পত্তি ধ্বংসের অভিযোগে ... জনকে কারণ দর্শানোর নোটিশ ...ঠায় ফিরোজাবাদ জেলা প্রশাসন। ...োটিশ পাওয়া কয়েকজনের পরিবার ... ইন্ডিয়ান এক্সপ্রেসকে জানিয়েছে, ...রা প্রত্যেকেই দিনমজুরের কাজ ...রে। এদের বেশিরভাগই এখন ...েলে রয়েছেন। ভারতে সংশোধিত ...াগরিকত্ব আইনের প্রতিবাদে সব ...কে রক্তক্ষয়ী বিক্ষোভ হয়েছে উত্তর ...দেশে। সংঘটিত বিক্ষোভের এক ...র্যায়ে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ...শিয়ার করেন, আমি স্পষ্ট করে ...লতে চাই, যারা সরকারি সম্পদ ...ভাঙচুর কিংবা আগুন ধরিয়েছে, ...হামলাকারীদের সম্পত্তি নিলাম করেই সেই অর্থ আদায় করা হবে। এই হামলাকারীদের বিরুদ্ধে আমরা প্রতিশোধ নেব। সেই মোতাবেক সম্পত্তি ধ্বংসের অভিযোগে রাজ্যের মুসলিম ব্যক্তিদের নোটিশ পাঠানো শুরু হয়। নোটিশ পাওয়া ব্যক্তিদের একজন ২০ বছর বয়সী আদিল খান। পেশায় কাঠমিস্ত্রী ও ছয় সন্তানের মধ্যে দ্বিতীয় আদিল তার বাবা সায়েদ খানের সঙ্গেই কাজ করতেন। ঘটনায় বিহ্বল সায়েদ ইন্ডিয়ান এক্সপ্রেসকে বলেন, ও যখন নামাজ শেষ করে আসছিল তখনও আমার সঙ্গে ফোনে কথা বলছিল। হঠাৎ করে ফোনটি বন্ধ হয়ে যায়। কিছু সময় পরে আমরা জানতে পারি যে, ওকে জেলে নিয়ে যাওয়া হয়েছে। আদিল আমাকে জানায় যে পুলিশ খুব মারধরও করেছে ওকে। আমাকে সরকারি সম্পত্তির ক্ষতিপূরণের নোটিশ দেওয়া হয়েছে কিন্তু আমার ছেলে তো জড়িত নয়। ও নিজের কাজ নিয়েই ব্যস্ত ছিল। উল্লেখ্য, ফিরোজাবাদ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের জারি করা সমস্ত নোটিশেই উল্লেখ করা হয়েছে, এফআইআর থেকে আমি নিশ্চিত যে আপনি প্রাথমিক (সরকারি এবং ব্যক্তিগত সম্পদের ক্ষতির) দায়ী।

বিচার থেকে অব্যাহতি চেয়ে আবেদন নেতানিয়াহুর

মানবকণ্ঠ ডেস্ক

বেনিয়ামিন নেতানিয়াহু

ঘুষ, দুর্নীতির অভিযোগে হওয়া মামলার বিচার থেকে অব্যাহতি চেয়ে পার্লামেন্টের কাছে আবেদন করেছেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। এ পদক্ষেপের ফলে মার্চে দেশটিতে নতুন নির্বাচন হওয়ার আগ পর্যন্ত ডানপন্থি এ রাজনীতিককে বিচারের মুখোমুখি দাঁড়াতে হবে না বলেই ধারণা করা হচ্ছে। অব্যাহতি আবেদনের সময়সীমা শেষ হওয়ার ৪ ঘণ্টা আগে বুধবার নেতানিয়াহু বিচার ঠেকাতে পার্লামেন্টের দ্বারস্থ হন বলে বিবিসি জানিয়েছে। ঘুষ, জালিয়াতি ও বিশ্বাসভঙ্গের অভিযোগে নভেম্বরে আনুষ্ঠানিকভাবে ইসরাইলের অ্যাটর্নি জেনারেল দেশটির প্রধানমন্ত্রীর বিরুদ্ধে তিনটি মামলা করেন। অভিযোগগুলোকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত অ্যাখ্যা দেয়া নেতানিয়াহুকে এখন বিচারের হাত থেকে বাঁচতে পার্লামেন্ট নেসেটের অর্ধেকের বেশি সাংসদের সমর্থন লাগবে। নিয়ম অনুযায়ী, অব্যাহতির আবেদন পার্লামেন্টে নিষ্পত্তি হওয়ার আগ পর্যন্ত ইসরাইলের বিচারবিভাগ মামলা নিয়ে অগ্রসর হতে পারবে না। ইসরাইলি আইনে সাংসদদের বিচার থেকে স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি মেলে না; অব্যাহতির জন্য আবেদন করতে হয়। অভিযোগে দোষী সাব্যস্ত হলে প্রধানমন্ত্রীকে দায়িত্ব ছেড়ে দিতে হবে। বিচার থেকে অব্যাহতি চেয়ে নেতানিয়াহুর আবেদনে তীব্র প্রতিক্রিয়া দেখিয়েছে বিরোধী রাজনৈতিক দলগুলো।

গত বছরের দুটি সাধারণ নির্বাচনে লিকুদের সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই করা মধ্যপন্থি ব্লু অ্যান্ড হোয়াইট পার্টির নেতা বেনি গান্টজ বলেছেন, নেতানিয়াহুর আবেদন প্রত্যাখ্যানে তার দল সর্বোচ্চ চেষ্টাই চালাবে। ইসরাইলের প্রধানমন্ত্রী কোনোদিন আইন ও বিচার ব্যবস্থার মুখোমুখি হওয়া এড়ানোর পদক্ষেপ নেবেন, কখনোই ভাবিনি এটা, বলেছেন তিনি।

ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার, ২২০/বি, তেজগাঁও লিংক রোড, ঢাকা-১২০৮

গাড়ী বিক্রয়ের নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত ২০০৩-এর ১২ (৩) ধারা অনুসারে

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, ব্র্যাক ব্যাংক লিমিটেডের ঋণগ্রহীতা জনাব মোঃ নূর-এ-আলম সিদ্দিকী, পিতা : মোঃ লিয়াকত হোসেন, ঠিকানা : ফ্ল্যাট-৮০২, বাড়ী # ১৩, জাপান গার্ডেন সিটি, থানা : মোহাম্মদপুর, ঢাকা-এর গৃহীত ঋণের বিপরীতে বন্ধককৃত গাড়ী ঋণ আদায় ও ঋণ সমন্বয়কল্পে আগামী ২৬-০১-২০২০ তারিখে যে অবস্থায় আছে উক্ত অবস্থায় নিলাম বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

গাড়ীর বিবরণ :

BRAND	CHASSIS NO	COLOR	YEAR MODEL	ENGINE NO	CC	Registration No
Nissan X Trail	NT 31-214511	Red-wine	2012	MR20*120920B	2000	DHAKA METRO GHA-15-4339

নিলামের শর্তাবলী :

১) আগামী ২৬/০১/২০২০ইং তারিখে বেলা ০৩ ঘটিকার মধ্যে লিগ্যাল এন্ড রিকোভারী ডিভিশন, সেপাল প্লাটিনাম টাওয়ার, লেভেল-৩, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮-এ রক্ষিত টেন্ডার বক্সে আগ্রহী ক্রেতাগণকে সাদা কাগজে পূর্ণ নাম ঠিকানা ও ফোন নং উল্লেখপূর্বক স্বাক্ষরযুক্ত দরপত্র সীলমোহরকৃত খামে জমা দিতে হইবে এবং ঐ দিন বেলা ০৩ ঘটিকার পর দরপত্রদাতাগণের সামনে (যদি কেই উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২) প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দরের ২০% সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩) দরপত্র গৃহীত হইবার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। উক্ত জামানতের টাকা ব্যাংকের ঋণ বাবদ পাওনা টাকার সহিত সমন্বয় করতে হইবে।

৪) উপরোক্ত ৩নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর একত্রে সর্বোচ্চ দরদাতা আহূত হইবার পরবর্তী ০৭ দিবসের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের টাকা ব্যাংকের ঋণ বাবদ পাওনা টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫) উপরোল্লিখিত শর্তে যাহা কিছুই থাকুন না কেন কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

৬) গাড়ীর রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত গাড়ীর ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।

৭) সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

৮) উপরোক্ত ৩ ও ৪নং শর্তের কোন প্রকার হানি না করিয়া অকৃতকার্য দরদাতাদের জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

৯) অংশগ্রহণে ইচ্ছুক দরপত্রদাতাগণ নিজেরা বা তাহাদের প্রতিনিধির মাধ্যমে অফিস চলাকালীন সময়ে (বিকেল ৩:০০ ঘটিকা হইতে ৫:০০ ঘটিকার মধ্যে মোবাইল নং ০১৭১৪-০৮৪৮২৬ ও ০১৭১৩-২৭৭৮৯৯-এ ফোন করে গাড়ী পরিদর্শন করিতে পারিবেন।

১০) ব্যাংক কর্তৃপক্ষ গাড়ীর ইঞ্জিন, যন্ত্রাংশ, বা অন্য কোন বিষয়ে কোন ওয়ারেন্টি বা গ্যারান্টি প্রদান করে না।

দরপত্র দাখিলের ঠিকানা : লিগ্যাল এন্ড রিকোভারী ডিভিশন, সেপাল প্লাটিনাম টাওয়ার, লেভেল-৩, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন নং ০১৭১৪-০৮৪৫০৩, ০১৭১৪-০৮৪৮২৬

Date: 03.01.2020. Manobkantha